

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

তৃতীয় শ্রেণি আমাদের পরিবেশ

১. ঠিক উত্তর নির্বাচন করো : ১ × ৩ = ৩
- ১.১ আগেকার দিনের মানুষ পোশাক তৈরির জন্য ব্যবহার করতো —
- ক) সুতো খ) পশম গ) সিন্থেটিক উল ঘ) গাছের ছাল।
- ১.২ তোমার রাজ্যের উত্তর দিকের একটি জেলা হলো—
- ক) পুরুলিয়া খ) পূর্ব মেদিনীপুর গ) কালিম্পাং ঘ) উত্তর ২৪ পরগনা।
- ১.৩ পিনকোড হলো—
- ক) বাড়ির নম্বর খ) রাস্তার নম্বর গ) টেলিফোন নম্বর ঘ) পোস্টঅফিসের নম্বর।
২. একটি বাক্যে উত্তর দাও : ১ × ৩ = ৩
- ২.১ শালিক পাখি শীত থেকে বাঁচার জন্য পালককে কীভাবে ব্যবহার করে?
- ২.২ পাকা বাড়ির দেয়াল তৈরিতে কাজে লাগে এমন একটি উপাদানের নাম লেখো।
- ২.৩ পারিবারিক জীবিকার একটি উদাহরণ লেখো।
৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও : ২ × ২ = ৪
- ৩.১ পোষা গোরুদের চটের জামা কেন পরানো হয়?
- ৩.২ “ভূমিকম্পপ্রবণ অঞ্চলে ইট-সিমেন্টের বাড়ির বদলে কাঠের বাড়ি তৈরি করা ভালো”—এ বিষয়ে তোমার মতামত লেখো।
৪. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও : ৩ × ১ = ৩
- ৪.১ বাড়ির বিভিন্ন কাজে তোমার পরিবারের অন্য সদস্যদের তুমি কীভাবে সাহায্য করো?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।